

AMZ (at RTHD)
30/05/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

২৮/০৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ এহছানে এলাহী
অতিরিক্ত সচিব (বাজেট) ও চীফ ইনোভেশন অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
তারিখ: ২৮/০৫/২০১৯ খ্রিষ্টাব্দ
সময়: সকাল ১০.০০ ঘটিকা
স্থান: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি: পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনায় কমপক্ষে একটি সেবা সহজিকরণ কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রণালয় বা বিভাগের সেবা তালিকা প্রস্তুতপূর্বক কমপক্ষে একটি সেবা সহজিকরণের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অডিট) সভায় অবহিত করেন যে, ২৭/০৫/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে সেবা সহজিকরণের বিষয়ে একটি অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়। এ কর্মশালায় মন্ত্রণালয়/বিভাগের সেবা তালিকা তৈরি এবং প্রতিটি সেবার সেবা প্রোফাইল প্রস্তুতের বিষয়ে আলোকপাত করা হয়। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ হতে সেবা তালিকা প্রস্তুত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য উদ্ভাবনী উদ্যোগের সংকলন প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তাই এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহের উল্লেখযোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের বিস্তারিত তথ্য প্রয়োজন। সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন যে, সেবা তালিকা প্রস্তুতের সাথে সাথে বিদ্যমান সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। সভাপতি জানান যে, সেবা প্রদানের সাথে সকল শাখা/অধিশাখার কর্মকর্তার সংশ্লিষ্টতা থাকায় সেবা তালিকা এবং সেবা প্রোফাইল প্রস্তুতের বিষয়টি শাখা কর্মকর্তাসহ সকল উইং প্রধানকে অবহিত করতে হবে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার উপস্থিতিতে একটি কর্মশালার আয়োজন করা যেতে পারে। সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদ করে তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।

বাস্তবায়ন: (১) সংস্থা প্রধান (সকল);
(২) যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

খ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের দুজন সদস্য নিয়ে জুন/২০১৯ মাসের মধ্যে সেবা সহজিকরণের কর্মশালা আয়োজন করতে হবে।

বাস্তবায়ন: উপসচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

গ) সকল দপ্তর/সংস্থা হতে সিটিজেন চার্টার অনুসারে সেবা তালিকা প্রণয়ন করে ২০/০৬/২০১৯ তারিখের মধ্যে এ বিভাগের অডিট শাখায় প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন: সংস্থা প্রধান (সকল)।

ঘ) সকল দপ্তর/সংস্থা হতে তাদের উল্লেখযোগ্য উদ্ভাবনী উদ্যোগের বিস্তারিত তথ্য আগামী ১৮/০৬/২০১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন: ইনোভেশন টিম, সকল সংস্থা।

০২। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
অতিরিক্ত সচিব (বাজেট)
৩
২৮/৫/২০১৯

চীফ ইনোভেশন অফিসার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অপর পাতায় দৃষ্টব্য

পূর্ব পাতার পর

নং-৩৫.০০.০০০০.০৩৯.০৬.০১৮.১৩- ৩২৮

তারিখ: ৩০/০৫/২০১৯ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬। উপসচিব (ডিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৭। উপসচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৮। উপসচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৯। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১। সিস্টেম এনালিস্ট (অভ্যন্তরীণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১৩। কাজী আব্দুল্লাহ আল মামুন, সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৪। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী প্রোগ্রামার (বিআরটিএ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয়জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে):

- ০১। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। অফিস কপি/মাস্টার কপি।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোন: ৯৫৭৪৫৩৪

ই-মেইল: dsaudit@rthd.gov.bd